

**“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের
মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ১৩/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ১৩ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত
PRA সেশনের প্রতিবেদন**

- | | |
|---|--|
| প্রকল্পের নাম | ঃ “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি
ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প |
| PRA সেশন অনুষ্ঠিত
হওয়ার তারিখ, সময় ও
স্থান | ঃ ১৩/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ১৩ নং মায়ানী ইউনিয়ন এ সকাল ১০.৩০ ঘটিকায় ইউনিয়ন
পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়। |
| উপস্থিতির তালিকা | ঃ PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো। |
| আলোচনা | ঃ “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি
ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান
করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন
অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিতি জনগণকে
অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে
জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্টি অন্যান্য সমস্যা মোকাবেলায় মিরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার
প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিতি সদস্যদের
তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিতি সদস্যরা
পাহাড়ি ঢলের কারণে আসা পানি সঠিকভাবে নিষ্কাশিত না হওয়ার ফলে জলাবদ্ধতা হয়ে থাকে বলে
জানান। এই জলাবদ্ধতার পাশাপাশি ক্ষতিগ্রস্ত সড়ককে তারা ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত
করেন। এলাকাবাসী জলাবদ্ধতা নিরসনে খাল সংস্কারের দাবী জানান। পাশাপাশি ইউনিয়নে সামগ্রিকভাবে
পয়নিষ্কাশন ব্যবস্থা নেই বিধায় অগ্রাধিকার ভিত্তিতে পয়নিষ্কাশন সুবিধার দাবী জানান। এছাড়া ইউনিয়ন
এর ০৩ নং ওয়ার্ডের ভোরের বাজারে মাদক সমস্যা রয়েছে বলে জানান এলাকাবাসী। এছাড়া ইউনিয়নে
বিশুদ্ধ পানির সমস্যা রয়েছে বলেও জানা যায় আলোচনায়। পানিতে আর্সেনিক ও আয়রন পাওয়া যায়।
ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান
মহোদয় তার নিজ ইউনিয়ন এর সমস্যা সম্পর্কে আলোকপাত করেন। এসময় তিনি ইউনিয়ন এর আবু
তোরাব বাজারের পাশে উচ্চ বিদ্যালয়ের প্রয়োজন বলে জানান। এছাড়া তিনি জানান ইউনিয়নে
কেন্দ্রীয়ভাবে কোন নাগরিক সুবিধা যেমন কেন্দ্রীয় খেলার মাঠ, সৈদগাহ, কমিউনিটি সেন্টার, কবরস্থান
ইত্যাদি অনুপস্থিতি। ইউনিয়নে বেকার সমস্যা দূরীকরণে তিনি একটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজন
বলে জানান। পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, ক্রমাগত ক্ষমি ভূমি ত্রাস ইত্যাদি নানা সমস্যার কথা তুলে
ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়- |
| প্রাণ্তি সমস্যাসমূহ | ঃ ১। প্রাথমিক বিদ্যালয় প্রয়োজন
২। আধুনিক হাসপাতাল নেই
৩। ক্ষতিগ্রস্ত সড়ক
৪। কমিউনিটি সেন্টার নেই
৫। আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব
৬। বিশুদ্ধ পানির সমস্যা
৭। পাহাড়ি ঢলে জলাবদ্ধতা
৮। কৃষির উৎপাদন কমে যাচ্ছে
৯। অপরিকল্পিত হাট বাজার
১০। সিএনজি স্ট্যান্ড এর অভাব
১১। বর্জ্য ব্যবস্থাপনার অভাব
১২। কেন্দ্রীয় সৈদগাহ, কবরস্থান ও খেলার মাঠ নেই |

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যার সমাধানের বিষয়েও আলোচনা করা হয়, সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা
করা হয়। উপস্থিতি সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ
জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিতি সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে এঁকে
দেখান।